

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা  
www.dgfood.gov.bd

## আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে খাদ্য বিভাগীয় বিভিন্ন কর্মকর্তা/কর্মচারি যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়া অধিদপ্তরে অযথা ঘোরাফেরা করেন। এতে করে মাঠ পর্যায়ে খাদ্যবান্ধব, ওএমএসসহ বিভিন্ন কার্যক্রমে সেবা প্রত্যাশীগণ কাঙ্ক্ষিত সেবা হতে বঞ্চিত হচ্ছে। ফলে খাদ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুন্ন হওয়াসহ পরিবর্তিত পরিস্থিতিতে অনাকাঙ্ক্ষিত ঘটনার আশংকা দেখা দিচ্ছে মর্মে বিভিন্ন মাধ্যমে জানা যাচ্ছে। এতে খাদ্য বিভাগের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রলম্বিত হচ্ছে।

উল্লেখ্য, খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ২৬.০৯.২০২৪ তারিখের ১৩.০১.০০০০.০৩১.১৯.১০৪.১৬.৭২৩ নং পত্রে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে খাদ্য ভবনে না আসা সহ বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়। তথাপি উক্ত নির্দেশনা অমান্য করে মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা/কর্মচারি খাদ্য অধিদপ্তরে ঘোরাফেরা করতে দেখা যাচ্ছে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করা অসদাচরণের সামিল।

এক্ষণে, মাঠ পর্যায় হতে কোন কর্মকর্তা/কর্মচারির খাদ্য অধিদপ্তরে আগমনের ক্ষেত্রে আবশ্যিকভাবে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের লিখিত অনুমতি নিয়ে এবং অনুমতিপত্র খাদ্য অধিদপ্তরের নিচ তলায় সেবা ডেস্কে জমা প্রদান করে খাদ্য অধিদপ্তরে প্রবেশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বর্ণিত নির্দেশনা প্রতিপালনে কোন প্রকার অবহেলা পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩৪

মোঃ মনিরুল ইসলাম  
উপ-পরিচালক (সংস্থাপন)  
ফোন- ০২-৪১০৫০৭২৩  
dd.est@dgfood.gov.bd  
তারিখঃ ০৬.০৪.২০২৫খ্রি.

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.১৯.১০৪.১৬ . ২৭২(৬০৬)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ/চসসা/সংগ্রহ/সববি/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ০২। প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দামিল পোস্টগোলা, ঢাকা
- ০৩। আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ০৪। সচিবের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ০৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল
- ০৭। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা
- ০৮। সাইলো অধীক্ষক(সকল) .....
- ০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১২। ব্যবস্থাপক, (সকল), .....সিএসডি
- ১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....
- ১৪। মহাপরিচালকের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৫। অফিস কপি/ মাস্টার কপি

মোঃ মনিরুল ইসলাম  
উপ-পরিচালক (সংস্থাপন)